

অতিব জরুরি
ই-মেইল মাধ্যম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
সাধারণ সেবা অধিশাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা
www.moind.gov.bd



নং-৩৬.০০.০০০০.০৪৮.১৮.০০৭.১৯.৩২৪

তারিখ: ১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

বিষয়: কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণের সাম্প্রতিক প্রভাব বাংলাদেশেও গত ৮ মার্চ ২০২০ তারিখ প্রথম ০৩ (তিন) জন আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে (তথ্যসূত্র-রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)। ইতোমধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাস-কে মহামারী হিসেবে ঘোষণা করেছে। উক্ত পরিপ্রেক্ষিতে, শ্রমঘন শিল্প বিশেষত: চামড়া ও চামড়াজাত পণ্য, হিমায়িত পণ্য, প্লাস্টিক পণ্য, সার, চিনি, লবণ ইত্যাদি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য উৎপাদন ও সেবা সেক্টরসমূহে করোনা ভাইরাস এর সংক্রমণ প্রতিহত করার উদ্দেশ্যে আইইডিসিআর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সকল কর্মীকে দেহের তাপমাত্রা পরিমাপক থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কারখানা কর্তৃপক্ষ ও মালিকপক্ষকে অনুরোধ করা হলো। তাপমাত্রা স্বাভাবিকের বেশি হলে এবং সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বাধ্যতামূলক ছুটি প্রদান করে সংগনিরোধ (Quarantine) ব্যবস্থা গ্রহণপূর্বক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

কর্মক্ষেত্রে নিয়মিত বিরতিতে হাত ধোয়া, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, আইইডিসিআর কর্তৃক নির্দেশিত পন্থায় হাঁচি-কাশি দেয়া, করমর্দন বা কোলাকুলি থেকে বিরত থাকা, জনসমাগম পরিহার করা সর্বোপরি পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে সহকর্মীদেরকে উৎসাহিত করা ও এ বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এ সংক্রান্ত শিল্প মন্ত্রণালয়ের কার্যালয় ৯১, মতিঝিলস্থ শিল্প ভবনের ৪র্থ তলায় ৪১৯ নম্বর কক্ষে কন্ট্রোল রুম খোলা হয়েছে। জনাব প্রতুল কুমার সাহা, উপসচিব (সাধারণ সেবা অধিশাখা)কে শিল্প মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট হিসেবে মনোনীত করা হলো। কন্ট্রোল রুমের হট লাইন নম্বর +৮৮ ০২ ৯৫৫৮৪১৩, মোবাইল নম্বর ০১৭২০০৯৮৩৬১, ই-মেইল এ্যাড্রেস pratul.saha1@gmail.com

এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর ও শাখা কার্যালয়, এবং সংস্থা/করপোরেশনের প্রধান কার্যালয়সহ সকল কারখানা, আওতাধীন শিল্পনগরী, শিক্ষা প্রতিষ্ঠান, চিকিৎসা কেন্দ্রে মেডিকেল অফিসারগণ তাঁর কার্যালয়ে কন্ট্রোলরুম চালুকরণসহ ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করবেন এবং তাঁর আওতাধীন এলাকার সকল মালিক ও শ্রমিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করার জন্য পরিষ্কার পরিচ্ছন্নতার কোন বিকল্প নেই। তাই নিজে পরিষ্কার থাকার পাশাপাশি এ বিষয়ে সকল সহকর্মীকে সতেচন করে তুলতে হবে। যদি জ্বর, সর্দি, কাশি ও শ্বাস-প্রশ্বাসে অসুবিধা হয় তাহলে দ্রুত অসুস্থ ব্যক্তিকে চিকিৎসা কেন্দ্রে পৌঁছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সেই সাথে সকল কার্যালয় কারখানাসহ সকল প্রতিষ্ঠান এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনাবলী স্বীয় দপ্তর/সংস্থা ও আওতাধীন কারখানা/প্রতিষ্ঠানে যথাযথ প্রতিপালনের জন্যও অনুরোধ করা হলো।

প্রতুল কুমার সাহা
উপসচিব

ফোন: +৮৮ ০২ ৯৫৫৮৪১৩

E-mail: pratul.saha1@gmail.com

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।


- ১। চেয়ারম্যান, বিসিআইসি/বিএসইসি/বিসিক/বিএসএফআইসি, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিএসটিআই/বিটাক/বিআইএম/বিএবি, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, ৪ রয়েল টাওয়ার, পাছপথ, ঢাকা।
- ৪। রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক, এনপিও, ঢাকা।
- ৬। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, ৯১ মতিঝিল, ঢাকা।

নং-৩৬.০০.০০০০.০৪৮.১৮.০০৭.১৯.৩২৪/(১৪)

তারিখ: ১ চৈত্র ১৪২৬
১৫ মার্চ ২০২০

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। উপপ্রধান তথ্য কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১৪। সচিবের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(প্রতুল কুমার সাহা)
উপসচিব